

# ঢাবির উপ-উপাচার্য হলেন সায়মা হক বিদিশা ও মোহাম্মদ ইসমাইল



ড. সায়মা হক বিদিশা ও ড. মোহাম্মদ ইসমাইল। ছবি: সংগৃহীত

## সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ আগস্ট ২০২৪ | ২০:৩০ | আপডেট: ২৭ আগস্ট ২০২৪ | ০৬:৩২



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ড. সায়মা হক বিদিশা ও ড. মোহাম্মদ ইসমাইল। আজ সোমবার তাদের উপ-উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

উপ-উপাচার্য (প্রশাসন) ড. সায়মা হক বিদিশা অর্থনীতি বিভাগে র অধ্যাপক। আর উপ-উপাচার্য (শিক্ষা) ড. মোহাম্মদ ইসমাইল ফলিত রসায়ন এবং রাসায়নিক প্রকৌশলের অধ্যাপক।

এর আগে আজ বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পান অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান।